

৫২ (বায়ান্ন) কেজি গাঁজা ও ১টি ট্রাকসহ আটক ০২ (দুই) ও পলাতক ০১ (এক) ব্যক্তির বিরুদ্ধে মামলা



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা গোয়েন্দা অঞ্চলের একটি বিশেষ টিম গত ১৫/০৩/২০১৫ ইং তারিখ রাত ২৩.১০ ঘটিকায় টংগী মডেল থানাধীন মিল গেইট নিউ মুন্সু মার্কেট এলাকায় অভিযান পরিচালনা করে ৫২ (বায়ান্ন) কেজি গাঁজা ও ০১টি ট্রাকসহ ০২ (দুই) জনকে গ্রেফতার করেন। অভিযানিক দলটি গোপন সংবাদের ভিত্তিতে উক্ত অভিযান পরিচালনা করেন। অভিযানকালে টংগীর মিল গেইট নিউ মুন্সু

মার্কেট শহীদ সুন্দুর আলী সড়কস্থ ৫৮ নং লিজা এন্টারপ্রাইজ নামীয় দোকানের সামনে দাঁড়ানো বেডফোর্ট নামীয় ট্রাক যাহার নম্বর- চট্ট-মেট্রো-ড-১৫৫১ এর ভিতর বিধি মোতাবেক তল্লাশী করে ০৫টি পোটলায় ১৫ (পনের) কেজি গাঁজা এবং লিজা এন্টারপ্রাইজ নামীয় দোকানে তল্লাশী করে ১০ (দশ) টি পোটলায় ৩৭ (সাতত্রিশ) কেজি গাঁজা, সর্বমোট ৫২(বায়ান্ন) কেজি গাঁজা জব্দ করেন এবং মাদক ব্যবসায় সাথে জড়িত (১) মোঃ মাসুদ (৪০) (ট্রাক ড্রাইভার) পিতা-মৃত- আব্দুস সোবহান স্থায়ী সাং- মীর ওয়ারিশপুর, থানা- বেগমগঞ্জ, জেলা- নোয়াখালী, (২) হাজী মোঃ লোকমান হোসেন (লিজা এন্টারপ্রাইজ এর মালিক), পিতা-মৃত- গোলাম রহমান, স্থায়ী সাং- চনগাঁও, থানা সোনাইমুড়ি, জেলা- নোয়াখালী নামীয় আসামীদ্বয়কে হাতে নাতে গ্রেফতার করা হয়। অপর আসামী মোঃ লিটন মিয়া, পিতা- শুক্লুর আলী, স্থায়ী সাং- পূর্ব ইটাখোলা, থানা- মাধবপুর, জেলা- হবিগঞ্জকে গ্রেফতার করা সম্ভব হয়নি। আসামীদ্বয়কে ব্যাপকভাবে জিজ্ঞাসাবাদ ও গোপন তথ্যে জানা যায় তারা পরস্পরের যোগসাজসে দীর্ঘ দিন যাবৎ মাদক ব্যবসা করে আসছে। তারা মাদক সিডিকেটের সক্রিয় সদস্য বলে গোপন তথ্য রয়েছে।

উক্ত ০২ জন গ্রেফতারকৃত আসামী এবং অপর ০১ জন পলাতক আসামীর বিরুদ্ধে টংগী মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর সর্গশ্লিষ্ট ধারায় অত্র অধিদপ্তরের উপপরিদর্শক জনাব মোঃ সুমনুর রহমান বাদী হয়ে একটি নিয়মিত মামলা রুজু করেন। মামলার তদন্ত কার্য অব্যাহত আছে।

৩৮ (আটত্রিশ) কেজি গাঁজাসহ ০১ (এক) জন গ্রেফতার



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা গোয়েন্দা অঞ্চলের একটি বিশেষ দল পরিদর্শক জনাব মাসুদুর রহমান এর নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে ৩৮ (আটত্রিশ) কেজি গাঁজাসহ এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেন। গত ২৮/০৩/২০১৫ ইং তারিখ রমনা মডেল থানাধীন ৭৩ সেগুনবাগিচা হাওলাদার মেডিসিন কর্ণার এর উত্তর পার্শ্বে অভিযান পরিচালনা

করে ০৪ (চার) কেজি গাঁজাসহ জনাব কামাল হোসেন (২২) পিতাঃ মৃত- কালা মিয়া স্থায়ী সাং- গিৎগার বিল উথায় পাড়া, থানাঃ বিজয়নগর জেলাঃ বি,বাড়ীয়া বর্তমান ঠিকানাঃ ১৯২ মৌচাক মাদ্রাসা রোড, মির্জামির্না থানাঃ সিদ্ধিরগঞ্জ জেলাঃ নারায়নগঞ্জকে আটক করা হয়। আসামীকে ব্যাপক জিজ্ঞাসাবাদ করা হলে তিনি স্বীকার করেন যে তার বাসায় বিপুল পরিমাণ গাঁজা মজুদ রয়েছে। অভিযানিক দলটি পরবর্তীতে নারায়নগঞ্জের সিদ্ধিরগঞ্জ থানাধীন মির্জামির্না এলাকায় অভিযান করে উক্ত আসামীর দখলীয় বসতবাড়ী থেকে আরো ৩৪ (চৌত্রিশ) কেজি গাঁজা (সর্বমোট আটত্রিশ কেজি) উদ্ধার করেন। গোপন তথ্যে জানা যায়, আসামী দীর্ঘদিন যাবৎ গাঁজার ব্যবসা করে আসছে। সে একজন পেশাদার মাদক ব্যবসায়ী।

উক্ত আসামীর বিরুদ্ধে রমনা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর সংশ্লিষ্ট ধারায় অত্র অধিদপ্তরের উপপরিদর্শক জনাব মোঃ সুমনুর রহমান বাদী হয়ে একটি নিয়মিত মামলা রুজু করেন। মামলার তদন্ত কার্য অব্যাহত আছে।